# দিঘলিয়া উপজেলা পরিষদের অক্টোবর/২০২১মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-১০/২০২১)

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৭ অক্টোবর ২০২১, বুধবার

সময় : বিকাল ১২: ০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত সেপ্টেম্বর ২০২১, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | সেপ্টেম্বর ২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২১ মাসে ০৮ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, যথাসময়ে সভা আহবানপূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: সেপ্টেম্বর/২০২১ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়- ৯,৬১৫৭০/-<br>সর্বমোট ব্যয়-৪,৩৩০৫৫ /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা কমিটির সুপারিশ | সভায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, দীর্ঘ ১৮ মাস পর সকল প্রকার স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে ১২/০৯/২০২১ তারিখ থেকে বিদ্যালয় চালু করা হয়েছে। বিদ্যালয়ে নিয়মিত পাঠদান কার্যক্রমের পাশাপাশি সংসদ টিভি এবং রেডিও বেতারের মাধ্যমে সম্প্রচারিত ঘরে বসে শিখি রুটিনের মাধ্যমে পাঠদান কার্যক্রম চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিদ্যালয়ের সকল শিক্ষকসহ সহকারী উপজেলা শিক্ষা অফিসার এবং ইউআরসি ইন্সট্রাক্টর কে একান্তভাবে দায়িত্ব | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও ইউআরসির ইন্সট্রাক্টর |

| | | | |
|---|---|---|---|
| | ইউআরসি ইন্সট্রাক্টর, উপজেলা শিক্ষা অফিসার এবং ০২ জন সহকারী উপজেলা শিক্ষা অফিসার বিদ্যালয় সমূহকে নিয়মিত পরিদর্শনের আওতায় রেখেছেন। তিনি বলেন ২০২২ সালে যাতে সকল শিশু ১০০% বই জানুয়ারীর ১ তারিখেই হাতে পায় তার অংশ হিসাবে ইতোমধ্যে প্রাক প্রাথমিক শ্রেনির বই পাওয়া গেছে এবং অন্যান্য শ্রেণির বই নির্ধারিত সময়ের পূর্বেই পাওয়া যাবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | নিয়ে তদারকি করাসহ জানুয়ারি মাসের ১ তারিখেই যাতে শিশুদের হাতে বই পৌছে যায় সে বিষয়ে শিক্ষা বিভাগের উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে সার্বক্ষনিক যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দিঘলিয়া, খুলনা। |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা স্থায়ী কমিটি | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পলিকল্প কর্মকর্তা জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে বিগত ২৮ শে সেপ্টেম্বর দিঘলিয়া উপজেলায় প্রতিটি ইউনিয়নে কোভিড ভ্যাক্সিনেশন ক্যাম্পেইন ( গণটিকা ) অনুষ্ঠিত হয় । উক্ত ক্যাম্পেইনে সার্বিক সহযোগীতার জন্য উপজেলা পরিষদ , প্রশাসন ও সংশ্লিষ্ট সকলকে সদস্য সচিব ডাঃ মোঃ মাহবুবুল আলম ধন্যবাদ জ্ঞাপন করেন । তিনি বলেন আগামী ৩০ অক্টোবর / ২১ উক্ত ক্যাম্পেইন ১ ম ডোজ টিকা গ্রহনকারী সকলকে নির্ধারিত কেন্দ্রে ২ য় ডোজ টিকা প্রদান করা হবে । সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন । তিনি বলেন আগামী ২৩-২৯ অক্টোবর প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের " ক্ষুদে ডাক্তার " কর্মসূচীর মাধ্যমে স্বাস্থ্য পরিক্ষা করা হবে এবং ৩০ অক্টোবর হতে ০৫ নভেম্বর পর্যন্ত কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহে ০৫-১৬ বছরের সকল শিশুকে একটি করে কৃমির ট্যাবলেট সেবন করানো হবে । প্রতিটি বিদ্যালয়ের সকল শিক্ষার্থী যাতে উক্ত কর্মসূচীর আওতায় আসতে পারে সে ব্যাপারে মহোদয় সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করেন । তিনি আরো বলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স - এ কর্মরত সকল কর্মকর্তা / কর্মচারী এবং হাসপাতালে আগত রোগী ও অন্যান্যদের সাইকেল / মটরসাইকেল নিরাপদে রাখার জন্য একটি সাইকেল গ্যারেজ নির্মাণ প্রয়োজন । | সভায় বিস্তারিত আলোচনান্তে দিঘলিয়া সকলকে কোভিড ভ্যাক্সিনের আওতায় আসা প্রয়োজন। প্রতিটি শিশু যেন এই কর্মসূচীর আওতায় আসতে পারে। হাসপাতালে একটি সাইকেল গ্যারেজ নির্মাণের ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা দিঘলিয়া, খুলনা |
| উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটির সুপারিশ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা রাজস্ব তহবিলের আওতায় খুলনা জেলার দিঘলিয়া উপজেলায় একতলা আনসার ভিডিপি হোস্টেল নির্মাণ এর কাজের অনুকূলে ঠিকাদার মেসার্স রিয়ান ট্রেডার্স ,ইখড়ি,তেরখাদা,খুলনা কর্তৃক কাজটি বাস্তবায়নের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং বর্তমানে কাজটি চলমান রয়েছে । চলতি ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) তহবিল এর আওতায় অত্র উপজেলায় বিভিন্ন উন্নয়নমূলক কাজের স্কীম বাছাইকরণ প্রক্রিয়াধীন রয়েছে । তাছাড়া অত্র উপজেলার এডিপি এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজগুলো দ্রুত বাস্তবায়ন করা যায় সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করা হয় । তিনি আরো বলেন, উপজেলা পরিষদের এপ্রিল/২০২১ ইং মাসের সিদ্ধান্ত মোতাবেক উপজেলা বন কর্মকর্তা দিঘলিয়া, খুলনা কর্তৃক মাঝিরগাতি হইতে সোনাকুড় সড়কের পুরাতন মরা,শুকনা,ঝুঁকিপূর্ণ শিশু গাছসমূহের নির্ধারণ মূল্য ২,৪১,৯৫৫/= (দুই লক্ষ একচল্লিশ হাজার নয়শত পঞ্চান্ন টাকা মাত্র ) ও উপজেলা পরিষদের অভ্যন্তরে রক্ষিত গোলকাঠ সমূহের ৪৬,৩৯৫/=( ছেচল্লিশ হাজার তিনশত পঁচানব্বই টাকা মাত্র) পৃথকভাবে প্রাক্কলন দাখিল করেছেন । উক্ত গাছ সমূহ নিলামে বিক্রয়ের জন্য জেলা প্রশাসক ,খুলনা মহোদয়ের অনুমোদন প্রয়োজন । | সভায় বিস্তারিত আলোচনান্তে চলতি অর্থবছরে এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা যায় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের, ও মাঝিরগাতি হইতে সোনাকুড় সড়কের পুরাতন মরা, শুকনা, ঝুঁকিপূর্ণ শিশু গাছ ও উপজেলা পরিষদের অভ্যন্তরে রক্ষিত গোলকাঠ সমূহের নিলামে বিক্রয়ের অনুমোদনের নিমিত্তে জেলা প্রশাসক ,খুলনা মহোদয়ের নিকট প্রেরণের | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | উপজেলা পরিবেশ ও বন স্থায়ী কমিটি সুপারিশ | সভায় উপজেলা বন অফিসার জানান যে, দিঘলিয়া উপজেলায় বন বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। সরকারি বিবিধ উন্নয়নমূলক কাজের জন্য দিঘলিয়া উপজেলা নার্সারীটি সংকুচিত হয়েছে। উপজেলা নার্সারী কেন্দ্রের কার্যক্রম পরিচালনা, বাস্তবায়ন, নতুন বাগান সৃজন, নার্সারীতে চারা উত্তোলন, বিক্রয় বিতরসহ সঠিক কার্যক্রম পরিচালনার জন্য উপযোগী স্থানের প্রয়োজন এ ব্যপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তিনি বলেন সামাজিক বনায়ন বিধিমালা, ২০০৪ ও বনজ দ্রব্য পরিবহন (নিয়ন্ত্রন) বিধিমালা, ২০১১ এবং করাতকল (লাইসেন্স) বিধিমালা ২০১২ নিয়ে ব্যাপক আলোচনা করা হয়। সকলকে সরকারি নির্দেশনা মেনে করাতকল লাইসেন্স করার কথা বলেন। তিনি বলেন বিদ্যুৎ বিভাগ কর্তৃক লাইন সম্প্রসারনের কাজে কোন বৃক্ষের ডাল কাটতে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে বিভাগীয় বন কর্মকর্তা সামাজিক বন বিভাগ, বাগেরহাট এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা মহোদয়ের নিকট পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়। তিনি বলেন ২০১২-১৩ সাল হতে সরকারি বিভিন্ন জায়গায় যে গাছ রোপন করা হয়ে ছিল তার ৯৫% গাছ মরে যাওয়ার কারনে সে গুলো নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণসহ নতুন বনায়ন সৃজন করার প্রয়োজন। তিনি বলেন এ বিষয়ে তার দপ্তর হতে বিভাগীয় অফিসকে অবহিত করা হবে ও বিভাগীয় অফিসের অনুমোদন স্বপেক্ষে নিলাম কার্যক্রম গ্রহন করা হবে। তিনি আরো বলেন মরা গাছগুলো নিলাম কার্য শেষে করে উক্ত স্থানে পুনরায় গাছের চারা রোপন করা প্রয়োজন। | সভায় এ ব্যপারে বিস্তারিত আলোচনান্তে বাগান সৃজন বসতবাড়ী বনায়ন, প্রতিষ্ঠান বনায়ন, চারা বিক্রয় বিতরণ সহ বনায়ন কার্যক্রম বেগবান করার জন্য উপজেলা নার্সারির জন্য চেয়ারম্যান মহোদয়ের এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা উপজেলা নিকটবর্তী নতুন স্থানে নার্সারি স্থাপন করাসহ সরকারি বিভিন্ন স্থানের মরা গাছের নিলাম কার্য সম্পন্ন করে উক্ত স্থানে নতুন চারা প্রতিস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা বন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| | উপজেলা পরিবার পরিকল্পনা স্থায়ী কমিটির সুপারিশ | সভায় উপজেলা পরিকল্পনা অফিসার জানান যে, অত্র উপজেলার সেপ্টেম্বর/২০২১ ইং মাসে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার (CAR) ৮২.৩৯%। অস্থায়ী সল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহীতার হার বেশি, এছাড়া কপার্টি গ্রহীতা ১৬ জন, ইমপ্লান্ট গ্রহীতা ৭৭ জন, স্থায়ী পদ্ধতি গ্রহীতা ২৯ জন যা লক্ষ্যমাত্রা অনুযায়ী সন্তোষজনক তবে। সভায় সভাপতি মহোদয়, স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতা বাড়ানোর লক্ষ্যে সিটিকর্পোরেশনসহ নিম্ন অগ্রগতি এলকায় সংশ্লিষ্ট সকল সরকারী ও বেসরকারী কর্মীদের মোটিভেশন কার্যক্রম ও তদারকি বৃদ্ধি করার জন্যপরামর্শ দেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান মেনে দাপ্তরিক কার্য পরিচালনাসহ বিভিন্ন দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতা বাড়ানোর সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৮ | উপজেলা স্থায়ী কমিটি সুপারিশ | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, গত ২০২০-২০২১ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রানুযায়ী ৪০০ জন প্রশিক্ষনার্থীর প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। চলতি ২০২১-২০২২ অর্থবছরে ৪২০ জনের প্রশিক্ষনার্থীর প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা পাওয়া গিয়েছে। লক্ষ্যমাত্রানুযায়ী সেপ্টেম্বর/২০২১ মাসে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ শুরু হবে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরন পূর্বক প্রশিক্ষনার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম সঠিক ভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৯ | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি | সভায় উপজেলা মহিলা বিষায়ক অফিসার জানান যে, গত মাসে জাতীয় কন্যাশিশু দিবস যথাযথ মর্যাদার সহিত পালন করা হয়েছে। অত্র দপ্তরের ভিজিডি খাদ্যশস্য সামাজিক দূরত্ব বজায় রেখে বিতরণ সুষ্ঠভাবে করা হচ্ছে এবং নিয়মিত সমন্বয় করা হচ্ছে। সেপ্টেম্বর/২১ সালে "মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম এর ২৩,৬২৫/-(তেইশ হাজার ছয়শত পচিঁশ) টাকা আদায় এবং নূতুন আবেদন সংগ্রহ করা হচ্ছে। আইজিএ | সভায় বিস্তারিত আলোচনান্তে জাতীয় কন্যাশিশু দিবস যথাযগ্য মর্যাদায় পালন ও ভিজিডির খাদ্যশস্য সুষ্ঠভাবে বিতরণ এবং | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রশিক্ষণ প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে ট্রেড পরিবর্তন হয়ে “ফ্যাশন ডিজাইন” এবং ফুড প্রসেসিং, চালু হয়েছে। ১২ তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চালু হয়েছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চালু আছে। | প্রশিক্ষনের কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১০ | উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বীর মুক্তিযোদ্ধা আবসন নির্মাণ প্রকল্পের আওতায় ১৮ টি বীরনিবাস নির্মাণ কাজের জন্য অত্র উপজেলা হতে ১৮ জন বীরমুক্তিযোদ্ধা বা তাদের ওয়ারিশগনের তালিকা মুক্তিযোদ্ধা মন্ত্রনালয়ে পাঠানো হয়েছিল। তন্মধ্যে ১২ টি বীর নিবাস নির্মানের জন্য অনুমোদন পেয়েছে। তিনি বলেন ইতোমধ্যে সেগুলোর টেন্ডার প্রক্রিয়ার কার্যক্রম শেষ হয়েছে। তিনি আরো বলেন টেন্ডার কার্যক্রমের মাধ্যমে ঠিকাদার নির্ধারণ করা হয়েছে। তবে এখন পর্যন্ত কার্যাদেশ প্রদান করা হয়নি। তিনি আরো বলেন কার্যাদেশ প্রাপ্তি স্বাপেক্ষে ঠিকাদান তার কার্যক্রম শুরু করবেন। তিনি আরো বলেন যে, শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজ সেবা কমপ্লেক্স নির্মান এর জন্য একটি পত্র পাওয়া গেছে। তিনি জানান যে, সব উপজেলা পরিষদ নূন্যতম ১০শতক জমি পাওয়া গেছে সে সকল উপজেলায় ০৬ তলা বিশিষ্ট কমপ্লেক্স নির্মাণ করা যাবে এবং সেখানে বেকার যুব/যুব মহিলাদের কারিগারি প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষন প্রদান করা হবে। এর ফলে বেকারত্ব হ্রাস পাবে এবং যুব/যুব মহিলাদের দক্ষতার উন্নয়ন ঘটবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ১২টি বীরনিবাস নির্মাণের কার্যাদেশ প্রদানের কার্য প্রক্রিয়াধীন রয়েছে। শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজ সেবা কমপ্লেক্স নির্মান এর জন্য এ উপজেলায় ১০শতক জমি | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১ | বিবিধ আলোচনা<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর। | সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালনাধীন HIE 2022 এর মূল জরিপের গণনাকারী বাছাই কার্যক্রম চলমান রয়েছে। জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ এর কাজ চরমান আছে। শ্রমশক্তি ও জাতীয় শিশু শ্রম জরিপ এর কাজ চলমান আছে। আমন ফসলের নমুনা কর্তন তালিকা প্রস্তুত এর কাজ চলছে। মাসিক কৃষি মজুরির তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান আছে। মাসিক কৃষি মজুরির তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান আছে।দাগগুচ্ছ জরিপ ৪র্থ পর্ব এর কাজ শেষ হয়েছে। পাট ফসলের মূল্য ও উৎপাদন খরচ জরিপ এর কাজ শেষ হয়েছে। স্থায়ী ফসল (সুপারি) এর আনুমানিক হিসাব সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। হয়েছে। অস্থায়ী ফসল (কাঁচা কলা, বরবটি, ডাল ফসল, মিষ্টিকুমড়া, মরিচ) এর অনুমানিক হিসাব সংগ্রহের কার্যক্রম শেষ হয়েছে। মনিটরিং দ্যা সিচুয়েশন অফ ভাইটাল ষ্ট্যাটিসটিক বাংলাদেশ (এমএসভিএবি) প্রকল্পের আওতায় দিঘলিয়া উপজেলার দুইটি প্রাইমারি স্যাম্পল ইউনি বা পিএসইউ (জুজ্ঞোশিয়া ও তেলিগাতী) তে স্থানীয় মহিলা রেজিষ্টারদের মাধ্যমে ত্রৈমাসিক ভিত্তিতে খানাসমূহের জন্ম, মৃত্যু, বিবাহ তালাক/পৃথক বসবাস, আগমন ও বহির্গমন এর ৩য় পর্যায়ের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ লিখিত ভাবে ঠিকাদারদের তাদের মালামাল অপসারনের জন্য পত্র প্রেরন ও পূর্ব সেনহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবনের টিন নিলামের আওতাভুক্ত না করাসহ পুরাতন টিন দিয়ে শ্রেনী কক্ষ নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এবং উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| | উপজেলা মৎস্য দপ্তর। | সভায় উপজেলা মৎস্য অফিসার জানান যে, ৪/১০/২০২১ তারিখ থেকে ২৫/১০/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত মোট ২২ দিন মা ইলিশ সংরক্ষ অভিযান ২০২১ সফলভাবে বাস্তবায়িত হয়েছ। এসময় ৫০ টি অভিযান ও ১০ টি মোবাইল কোর্টের মাধ্যমে ২৮ টি মামলায় ৩১,৮০০/- জরিমানা আদায় হয়েছে। ১.৪১ লক্ষ মিটার অবৈধ জাল পুরিয়ে ধ্বংস করা হয়েছে এবং উদ্দরকৃত মোট ৩১.৫ কেজি ইলিশ মাছ এতিমখানা ও দরিদ্র ব্যক্তিদের মাঝে বিতরন করা হয়েছে। মা ইশিল সংরক্ষণ অভিযান সফল ভাবে বাস্তবায়ন করায় জেলা মৎস্য অফিসার খুলনা মহোদয়ের পক্ষ থেকে দিঘলিয়া উপজেলাকে খুলনা জেলার মধ্যে শ্রেষ্ঠ উপজেলা হিসেবে সম্মননা প্রদান করেছেন। মা ইলিশ সংরক্ষন অভিযানে ২০২১ চলাকালে দিঘলিয়া উপজেলার মোট ৪০০ জন মৎস্যজীবীকে জন প্রতি ২০ কেজি হারে ভিজিডি (চাল) সহায়তা প্রদান করা হয়েছে। | সাভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরন করে দাপ্তরিক কার্য পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সিনিয়ন মৎস্য কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা যুব উন্নয়ণ দপ্তর | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, অত্র কার্যালয়ের ২০২১-২০২২ অর্থবছরে রাজস্ব খাতে ১৪ টি ব্যাচের ভ্রাম্যমান প্রশিক্ষণ কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য নির্দেশনা পাওয়া গিয়াছে এবং বছরে প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা ৪২০ জন। লক্ষ্যমাত্রা অনুযায়ী গত মাসে ৩০ জনের ০২ টি ব্যাচ সম্পন্ন করা হয়েছে। বর্তমান ০১ টি ব্যাচ প্রশিক্ষণ চলমান অবস্থায় আছে। যুব ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা বছরে ৩৫,৮০,০০০/-টাকা দেওয়া হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সদস্যদের মাঝে ২,৬০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। আগামী মাসে ১লা নভেম্বর জাতীয় যুব দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হবে। জাতীয় যুব দিবস পালনে আপনাদের সকলের সহযোগীতা একান্ত কাম্য। যুব দিবস উপলক্ষে যুব ও যুব মহিলাদের মাঝে যুব ঋণ বিতরণ করা হবে। চলতি মাসের ঋণ আদায় শত ভাগ অর্জন করা সম্ভব হয়নি। তবে ঋণ আদায়ের জন্য তাগাদা দেওয়া হচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান মেনে প্রশিক্ষণ কার্যক্রম অব্যহত রাখাসহ জাতীয় যুব দিবস পালন ও ঋণ বিতারণ এবং ঋণ আদায় কার্যক্রম নিয়মিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | পল্লী সঞ্চয়ী ব্যাংক আমার বাড়ি আমার খামার | সভায় উপজেলা পল্লী সঞ্চয়ী ব্যাংকের অফিসার জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন দপ্তরে অডিট কার্য পরিচালনার জন্য আগত অফিসারদের থাকার জন্য যে ডাকবাংলাটি রয়েছে সেটি দীর্ঘ দিনের পুরাতন হওয়ায় বর্তমানে তা ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। সে কারনে ডাকবাংলাটি মেরামত করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে জেলা পরিষদের ডাক বাংলাটি দ্রুত মেরামতের প্রস্তাবটি জেলা পরিষদে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ১৫ | উপজেলা প্রাথমিক শিক্ষা দপ্তর | সভায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, নির্দেশনা অনুযায়ী সকল বিদ্যালয় পরিদর্শন করার কথা বলা হয়। তিনি বলেন উত্তর দিঘলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পকেট গেট করার বিষয়ে আলোনা হয়। তিনি বলেন লাখোহাটি উত্তর মাঝিরগাতী উত্তর বারাকপুর, ব্রহ্মগাতী, প্রতীভাময়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনের কাজ ধীর গতিতে চলছে। এছাড়া তার দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা শিক্ষা অফিসারগণ নির্দেশনা সমূহ বাস্তবায়নের সহযোগীতা করবেন। শিক্ষার্থীদের বিদ্যালয়ে আসা যাওয়ার স্বার্থে উত্তর দিঘলিয়া সরকারি প্রথমিক বিদ্যালয়ের পকেট গেট করারসহ নতুন ভবনের কাজ দ্রুত গতিতে শেষ করার জন্য উপজেলা প্রকৌশলীকে নিয়মিত তরাকরি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, আসন্ন এস, এস সি পরীক্ষায় দুইটি নতুন কেন্দ্র হয়েছে। কেন্দ্র দুইটি হলো ১। হাজীনৈমুদ্দীন মাধ্যমিক বিদ্যালয় ২। হাজী ছায়েমউদ্দিন মাধ্যমিক বিদ্যালয় দুইটিতে পরীক্ষা কেন্দ্র ঘোষনায় অত্র উপজেলায় পরীক্ষা কেন্দ্র হবে ৫টি। পরীক্ষা মুক্ষ ও সুন্দর হওয়ার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন ১২-১৭ বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা প্রদানের জন্য শিক্ষার্থীদের তথ্য জেলা শিক্ষা অফিসার এব মাধ্যমে মহাপরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। তিনি আরো বলেন অত্র অফিস প্রাঙ্গানে একটি টিনসেড সাইকেল গ্যারেজ নির্মান করে দেওয়ার জন্য উপজেল পরিষদকে ধন্যবাদ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে এস, এস, সি পরীক্ষা যাতে সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হয় ও কোভিড-১৯ টিকা প্রদানের শিক্ষার্থীদের তথ্য জেলা শিক্ষা অফিসে সঠিক তথ্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |

<table>
<tr>
<td>উপজেলা প্রকৌশলী দিঘলিয়া</td>
<td>সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, প্রকৌশলী দপ্তর থেকে যখন কোন ঠিকাদারকে কার্যদেশ প্রদান করা হয়। তখন তাতে উল্লেখ থাকে যে তার কার্য চালানোর জন্য স্কুলের কোন রুম ব্যবহার করবেন না মর্মে চুক্তিতে উল্লেখ্য থাকে। তিনি বলেন জাইকার প্রজেক্ট হতে এমন কিছু প্রকল্প গ্রহন করা যেতে পারে যে সমস্ত এলাকায় শুকনো মৌসুমে পানির তীব্র সংকট দেখা দেয় সে সমস্ত এলাকায় অথবা বাজারের পাশে সাবমারসিবল ও পানির ট্যাংক স্থাপন করে বাজার কমিটি/ এলাকার কিছু লোকের সমন্বয়ে একটি কমিটি গঠন করে তাদের হাতে ন্যাস্ত করা যেতে পারে। এছাড়া সে খানে নাম মাত্র মূল্যে পানি বিক্রয় করে সেখানকার আনুসঙ্গিক খরচ মেটানো যায়। তিনি আরো বলেন সরকার চায় প্রত্যেকটি উপজেলায় নিয়মিত, সিটিজেন চার্টার আপডেট হোক, পঞ্চবার্ষিকী পরিকল্পনা আপডেট হোক, প্রতি বছর বার্ষিক বাজেট তৈরী করা হোক। তিনি আরো জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখা এর ১৬/০৮/২০২১ খ্রি: তারিখের ৪৫৪ নং স্মারক পত্রে “অনগ্রসর উপজেলা/প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা/কোভিড-১৯ প্রতিরোধ ইত্যাদি বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় বরাদ্দ”উপখাতে খুলনা জেলার দিঘলিয়া উপজেলায় ৩.৯৩ লক্ষ টাকা করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনামূল্যে বিতরণ/সেবা প্রদান) করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। সে মোতাবেক উক্ত বরাদ্দকৃত টাকা দিয়ে R F Q পদ্ধতি অনুসরন পূর্বক কাজটি সম্পন্ন করার জন্য আলোচনা করেন। তিনি আরো জানান ২০১৮-১৯ অর্থবছরের জাইকার আওতাধীন বারাকপুর ইউনিয়নে কৃষি উন্নয়নের জন্য সর্বজনীন মা মন্দির হতে মাঠ অভিমূখে পাকা ড্রেন নির্মাণ প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া সেনহাটি ইউনিয়নের হাজীগ্রামের জলাবদ্ধতা নিরাসনের লক্ষে পানি নিস্কাসনের জন্য দুইটি ড্রেনের নির্মাণ কাজ শুরু করা হয়েছে।<br>সভায় উপজেলা প্রকৌশলী আরো জানান যে, বিগত জুলাই/২১ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক অনুমোদিত প্রকল্পাসমূহের প্রাক্কলন ও কমিটি প্রস্তুত করা হয়েছে যা অনুমোদনের প্রয়োজন কমিটি নিম্নরুপ।<br>ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও বিআরডিবি অফিসের সামনে সাইকেল মটর সাইকেল গ্যারেজ নির্মাণ।<br>প্রাক্কলিত মুল্যে=২,০০,০০০/-<br>
<table>
<tr><th>ক্র:নং</th><th>নাম</th><th>ঠিকানা</th><th>প্র: ক: পদবী</th></tr>
<tr><td>০১।</td><td>মোঃ নাজমুল ইসলাম</td><td>ইউপি সদস্য -০২ নং ওয়ার্ড, দিঘলিয়া</td><td>সভাপতি</td></tr>
<tr><td>০২।</td><td>মোঃ মেহেদী হাসান</td><td>শিক্ষক দিঘলিয়া স্কুল</td><td>সেক্রেটারী</td></tr>
<tr><td>০৩।</td><td>হেমা হাসান</td><td>এনজিও প্রতিনিধি দিঘলিয়া</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪।</td><td>হাফেজ মোঃ ইয়াছিন</td><td>ইমাম, দিঘলিয়া</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫।</td><td>মোঃ রেজাউল ইসলাম</td><td>শিক্ষক, দিঘলিয়া</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৬।</td><td>মোঃ আমিরুল ইসলাম</td><td>গন্যামাণ্য</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৭।</td><td>মিনু বেগম</td><td>সমাজ সেবক</td><td>সদস্য</td></tr>
</table>
</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে ঠিকাদার তার নিজ দায়িত্বে স্কুল নির্মাণের কাজ সম্পাদন করবেন এবং স্কুলের কোন ব্যবহার করতে পারবে না। জাইকার অর্থায়নে পানির ট্যাংক স্থাপনসহ অফিসিয়াল অন্যান্য কাজ সঠিক সময়ে করা এবং কোভিড-১৯ এর বরাদ্দকৃত ৩.৯৩ লক্ষ টাকার প্রক্কলন অনুমোদন ও কাজটি দ্রুত বাস্তবায়নের জন্য R F Q পদ্ধতি অনুসরন করে করাসহ বারাকপুর ইউনিয়নের কৃষি উন্নয়নের জন্য সর্বজনীন মা মন্দির হতে মাঠ অভিমূখে পাকা ড্রেন নির্মাণ এর কাজ শেষ হয়েছে বিল প্রদান করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ক্রমিক নং “ক, খ, প্রাক্কলসমূহ ও প্রকল্প কমিটি সভায় অনুমোদিত হয় এবং প্রাক্কলন অনুমোদন সহ প্রকল্প কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের পাশাপাশি উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডরী ওয়াল মেরামত, ওয়াকওয়ে নির্মাণসহ আনুসঙ্গিক কাজ RFQ পদ্ধতিতে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রথমিক শিক্ষা, ও সংশ্লিষ্ট দপ্তর দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
</table>

খ) উপজেলা আমার বাড়ি আমার খামার অফিসের পাশ্বে সাইকেল গ্যারেজ নির্মাণ।
প্রাক্কলিত মূল্যে=২,০০,০০০/-

| ক্র: নং | নাম | ঠিকানা | প্র: ক: পদবী |
|---|---|---|---|
| ০১। | মোঃ আজিজুল রহমান | ইউপি সদস্য-৯ নাং ওয়ার্ড দিঘলিয়া | সভাপতি |
| ০২। | মোঃ রইছুল আলম | শিক্ষক | সেক্রেটারী |
| ০৩। | মোঃ সামছুল হক | ইমাম | সদস্য |
| ০৪ | মোঃ জিয়া মোড়ল | সমাজ সেবক | সদস্য |
| ০৫। | পলি সুলতানা | এনজিও প্রতিনিধি | সদস্য |
| ০৬। | মোঃ কুদ্দুস মোড়ল | গন্যমাণ্য | সদস্য |
| ০৭। | মোঃ আছাদ শেখ | সমাজ সেবক | সদস্য |

এছাড়া ইউএনও মহোদয়ের বাসভবনের বাউন্ডারীর ওয়াল মেরামত, আনসারদের টহলদেওয়ার জন্য ওয়াকওয়ে নির্মাণ, ভিতরের ড্রেন সংস্কারসহ আনুসঙ্গিক কিছু জরুরী কাজ করা প্রয়োজন।

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং৪৬.০৪৫.০২২.১০.০১.০০১-১০৫৮ তারিখ২৩/০৯/২০১৮ মোতাবেক উপজেলা পরিষদের ভিতরে আবাসিক ০৬ টি ভবনের মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপন করেন যা নিম্নরুপ।<br>১। দিঘলিয়া উপজেলা পরিষদের আওতায় দিঘলিয়া উপজেলা কমপ্লেক্সের ভিতর গেজেটেড কোয়ার্টার (মধুমিতা) বাস ভবনটি মেরামত প্রকল্প যার টাকার পরিমান=৫,৫৪,২৪৭/- ২। দিঘলিয়া উপজেলা পরিষদের আওতায় দিঘলিয়া উপজেলা কমপ্লেক্সের ভিতর ১নং নন-গেজেটেড কোয়ার্টার (বনলতা) মেরমাত প্রকল্প যার টাকার পরিমান=৬,৯০,৮৪৭/-, ৩। দিঘলিয়া উপজেলা পরিষদের আওতায় দিঘলিয়া উপজেলা কমপ্লেক্সের ভিতর ২নং নন-গেজেটেড কোয়ার্টার (বনছায়া) মেরামত প্রকল্প যার টাকার পরিমান=৬,৯১,২০৬/-, ৪। দিঘলিয়া উপজেলা পরিষদের আওতায় দিঘলিয়া উপজেলা কমপ্লেক্সের ভিতর ১ নং টুইন কোয়ার্টার (মালতী) মেরামত প্রকল্প যার টাকার পরিমান=৩,১২,৪৫৯/-, ৫। দিঘলিয়া উপজেলা পরিষদের আওতায় দিঘলিয়া উপজেলা কমপ্লেক্সের ভিতর ২নং টুইন কোয়ার্টার (মালতী) মেরামত প্রকল্প যার টাকার পরিমান=২,১৭,৯২৮/-, ৬। দিঘলিয়া উপজেলা পরিষদের আওতায় দিঘলিয়া উপজেলা কমপ্লেক্সের ভিতর ডরমেটরী ভবন মেরামত প্রকল্প যার টাকার পরিমান=৩,১৫,৯৩০/- সর্ব মোট টাকার পরিমান =২৭,৮২,৬১৭/-(সাতাশ লক্ষ বিরাশি হাজার ছয়শত সতের) টাকা। | সভায় এ ব্যপারে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর চলতি অর্থ বছরে প্রকল্পগুলি যাতে বাস্তবায়ন করা যায় তজ্জন্য উপস্থাপিত প্রাক্কলন অত্র সভায় অনুমোদন সহ নির্বাহী প্রকৌশলী, এলজিইড, খুলনা বরাবর প্রেরণ পূর্বক প্রাক্কলনে প্রতিস্বাক্ষার গ্রহণ করতঃ সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখায় প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, মুক্তিযোদ্ধাদের জন্য যে ১২টি ঘর অনুমোদন হয়ে আসছে ইতোপূর্বে তার টেন্ডার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তিনি আরো বলেন মুজিবশতবর্ষ উপলক্ষে অত্র উপজেলায় নতুন করে ২০টি ঘর আসছে এবং সেটির নির্মান কাজ শুরু করা হবে অতিদ্রুত। এ বিসয়ে সকলের প্রতি ঘরের বরাদ্দ ২,৪০,০০০/- টাকা বর্তমান বাজারদরে প্রাক্কলন | সভায় বিস্তারিত আলোচনান্তে মুক্তি যোদ্ধাদের ঘরের কার্যাদেশ দ্রুত প্রদান করারসহ মুজিব বর্ষের | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুযায়ী কাজ করার অত্যন্ত কঠিন হবে জানিয়ে তিনি একাজে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগীতা কামনা করেন। তিনি আরো বলেন এডিপির বরাদ্দ আসছে তা হতে প্রকল্প গ্রহণ করতে হবে। তিনি আরো বলেন উপজেলা পর্যায়ে যে গাছ গুলো পরে আছে সেটি নিলাম করা প্রয়োজন। তিনি বলেন অত্র উপজেলায় যে সমস্ত বাজারের কাজ চলমান রয়েছে ঐ সমস্ত বাজারের যে সকল পরিত্যক্ত বিক্রয় যোগ্য মালামাল রয়েছে তা নিলামে বিক্রয় করা প্রয়োজন। | ২০ টি ঘরের কাজ প্রক্রিয়াধীন এবং বাজারের ব্যবহৃত শেডের বিক্রয় যোগ্য মালামাল পরিষদের এনে রাখা/ নিলামে বিক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার, ও উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |
| ২১ | চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা। | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ দিঘলিয়া জানান যে, দিঘলিয়া উপজেলা হাসপাতালে নরমাল অপারেশন দ্রুত শুরু করা প্রয়োজন। তিনি বলেন চেয়ারম্যানরা ঠিকমত মাসিক মিটিংএ আসে না। এ বিষয়ে ইউপি সচিবদেরকে বলেন তারা যেন ইউনিয়ন চেয়ারম্যানদেরকে ঠিকমত উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত থাকতে বলেন। এতে করে উপজেলা পরিষদের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করতে অসুবিধা হয়। তিনি আরো বলেন উপজেলা খাদ্য দপ্তরের আওতায় যে ১০/-(দশ) টাকা মূলের চাউল বিতরনের ক্ষেত্রে যে অনিয়ম চলে আসছে তার একটি প্রতিকার হওয়া প্রয়োজন। এ ব্যপারে তিনি উপজেলা খাদ্য অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার কথা বলেন। তিনি আরো বলেন যে সমস্ত কার্ডধারী তাদের কার্ডের চাউল উত্তোলন করেন না তাদের কার্ড বাতিল করে সেখানে নতুন করে কার্ড যাতে দেওয়া যায় তার ব্যবস্থা করার কথা বলেন। তিনি আরো বলেন উপজেলা ডিজিটাল সেন্টারের ফটোকপি মেশিন ও কম্পিউটার মেরামত করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালে চার্জারী ডাক্তারের দ্রুত ব্যাবস্থা করার জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে বলা হয় এবং মাসিক সভায় যাতে ইউপি চেয়ারম্যানগণ ঠিকমত হাজির হন সে বিষয়ে ইউপি সচিবগণ নিশ্চত করাসহ যে সমস্ত কার্ডধারী চাউল উত্তোলন করেন না তাদের স্থলে নতুন কার্ড দেওয়ার উপজেলা ডিজিটাল সেন্টারের ফটোকপি মেশিন ও কম্পিউটার মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার এবং উপজেলা খাদ্য অফিসার দিঘলিয়া, খুলনা। |

**সেপ্টেম্বর, ২০২১ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ**

| সের াম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান মহোদয়ের সেপ্টেম্বর/২০২১ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের সেপ্টেম্বর২০২১ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের সেপ্টেম্বর/২০২১ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতা কর্মী এর সেপ্টেম্বর/২০২১মাসের দৈনিক ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর সেপ্টেম্বর/২০২১মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর সেপ্টেম্বর/২০২১মাসের ভ্রমণ বিল বাবদ ১১,২৫০/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর সেপ্টেম্বর/২০২১ মাসের ভ্রমণ বিল বাবদ=৬৫০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর সেপ্টেম্বর/২০২০ মাস ভ্রমণ বিল বাবদ= | ৫,৩০,৯৯২/- |

| | |
|---|---|
| ৬,৫০০/-<br>১২। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের আগস্ট/২১ মাসের বিদ্যুৎ বিল বাবদ=৩২,৪০৭/-<br>১৩। শেখ মমতাজ শিরীন ভাইস চেয়ারম্যান, ও প্রকল্প সভাপতি, এর নামে দিঘলিয়া সরদার ঘাট আশ্রায়ন প্রকল্পে জরুরী ড্রামসিট প্লাসাইটিং করা বাবদ=২,০০,০০০/-<br>১৪। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক এর নামে উপজেলার বজ্য ব্যবস্থাপনা পরিস্কার বাবদ=১৮,৩২৫/-<br>১৫। মেসার্স খুলনা ফিলিং স্টেশন পাবলা, দৌলতপুর খুলনা এর নামে পরিষদের জীপ গাড়ির জ্বালানী তেলের বিল বাবদ=৬২,০৪০/-<br>১৬। সালেহা বেগম অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের ফটোস্ট্রাট মেশিনের ক্রয় এর বিল বাবদ=৭,৭৩৫/-<br>১৭। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২১ মাসের বিদ্যুৎ বিল বাবদ=১৫,৬৩৫/- | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০-৮৯৩

তারিখ: ২৭.১০.২০২১ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- ১০২, খুলনা-৪, যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির সদস্য।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, খুলনা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৭। উপজেলা ..............................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৮। চেয়ারম্যান, .....................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৯। জনাব ...............................................................সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলন

২৭/১০/২১

(মোঃ মাহবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২